ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

<u>স-৩২৪৬</u>
আগরতলা,১৫ অক্টোবর,২০২৫

## প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

গত ১০ অক্টোবর, ২০২৫ তারিখে 'দৈনিক সংবাদ'-এ প্রকাশিত খাদ্য দপ্তর সম্পর্কিত "চিনি, সুজির সাথে দেওয়া ময়দা ছিলো নিম্নমানের, অভিযোগ "- সংবাদটি খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের দৃষ্টিগোচরে এসেছে। এই বিষয়টি দপ্তরের তরফে তৎক্ষণাৎ সংশ্লিষ্ট মহকুমা শাসকের মাধ্যমে তদন্ত করা হয় এবং এ সম্পর্কে তথ্যভিত্তিক স্পষ্টিকরণ জনসাধারণের অবগতির জন্য বিস্তারিতভাবে নিম্নে দেওয়া হল:

বিগত বছরের ন্যায় এবছরও রাজ্য সরকার শারদোৎসব উপলক্ষ্যে রাজ্যের ৯ লক্ষ ৯০ হাজার পরিবারের মধ্যে গণবন্টনের মাধ্যমে বিনামূল্যে কার্ড প্রতি ২ কেজি ময়দা, ৫০০ গ্রাম সুজি ও ১ কেজি করে চিনি বিতরণ করার সিদ্ধান্ত গ্রহণ করে। উক্ত রেশন সামগ্রীগুলি যথাসময়ে রাজ্যের প্রতিটি মহকুমার অন্তর্ভুক্ত রেশন দোকানে পৌঁছে দেওয়া হয় এবং রেশন দোকান থেকে ভোক্তাদের মধ্যে তা বরাদ্দ অনুযায়ী ই-পস মেসিনের মাধ্যমে সঠিকভাবে ও স্বচ্ছতার সঙ্গে বিতরণ করা হচ্ছে। উপরে উল্লেখিত সংবাদের বিষয়ে সংশ্লিষ্ট মহকুমা শাসকের তদন্ত রিপোর্ট অনুযায়ী রেশন দোকানগুলিতে গণবন্টনের মাধ্যমে যে ময়দা বিতরণ করা হচ্ছে তা যথেষ্ট গুণগতমান সম্পন্ন এবং মানুষের ব্যবহারের জন্য উপযুক্ত। উল্লেখ্য, তদন্তকারী দল উক্ত মহকুমার আওতাধীন বিভিন্ন রেশন দোকানের ভোক্তাদের থেকে বিতরণকৃত ময়দার গুণগতমান নিয়ে তাদের মতামত গ্রহণ করে এবং ভোক্তারা এ বিষয়ে তাঁদের সন্তুষ্টি প্রকাশ করেন এবং তাঁদের তরফে কোনও ধরনের অভিযোগ নেই বলে ব্যক্ত করেন।

*****